



মেমো নং...../প্রকৌঃ

তারিখ :

/২০২১

প্রধান প্রকৌশলীর দপ্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০।

-ঃ পুরাতন ভবন নিলামে বিক্রয়ের কোটেশন নোটিশ ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আজিমপুর আবাবিক এলাকার পরিত্যক্ত ৪নং ভবনটি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় কোটেশনের মাধ্যমে বিক্রি করার জন্য আত্মহী সুখ্যাতিসম্পন্ন (Reputed) ক্রেতাগনের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাইতেছে। জনতা ব্যাংক টি.এস.সি.শাখা, একাউন্ট নং ৩৬০০০৩৯২ তে ২,০০০/= (দুই হাজার) টাকা জমা দিয়া প্রধান প্রকৌশলীর দপ্তর হইতে সিডিউল সংগ্রহ করা যাইবে। আত্মহী ক্রেতাগনকে আগামী ২০/০৯/২০২১ তারিখ দুপুর ১২টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী ও প্রধান প্রকৌশলীর অফিস কক্ষে এবং কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অফিসে রক্ষিত টেন্ডার বাঞ্জে কোটেশন দাখিল করিতে হইবে। ঐদিনই দুপুর ১২.৩০ ঘটিকায় আত্মহী কোটেশনদাতা/তাহাদের প্রতিনিধি যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সনুখে Tender Opening Committee কর্তৃক পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর অফিস কক্ষে খোলা হইবে। কোটেশন দাখিলকারীগনকে তাহাদের দেয় দরের উপর ২৫%(শতকরা পঁচিশ হারে টাকা) টাকা (মোট টাকার উপর) যে কোন সিডিউল ব্যাংক হইতে নিবাহী প্রকৌশলী-৪, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে আর্নেষ্টমানি হিসাবে কোটেশনের সাথে অবশ্যই জমা দিতে হইবে। কোটেশন দাখিলের সময় হাল নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় কোটেশন বাতিল বলিয়া গন্য হইবে। আত্মহী ক্রেতাগন অফিস চলাকালীন সময়ে ভবনটি পরিদর্শন করিতে পারিবেন। যে দরপত্র দাতার দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হইবে তাহাদেরকে কার্যাদেশ পাওয়ার ৩(তিন) দিনের মধ্যে সমুদয় টাকা ভ্যাটসহ জনতা ব্যাংক, টি,এস,সি, শাখায় জমা দিয়া জমার রশিদ অত্র অফিসে দাখিল করতঃ নিবাহী প্রকৌশলী,জোন-৪ এর লিখিত অনুমতি নিয়া নির্ধারিত সময়ের মধ্যে ভবনটি ভাংগিয়া সরাইয়া নিতে হইবে। ভবনটি ভাংগিয়া সরাইয়া নেওয়ার পর সাইট সম্পূর্ণরূপে পরিষ্কার, লেভেলিং, ড্রেসিং করার পর আর্নেষ্টমানি বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটটি ফেরৎ দেওয়া হইবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বাতিল বা গ্রহন করার পূর্ণ ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। খামের উপর কাজের নাম, তাহাদের ফার্মের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

(মোঃ সেলিম শরীফ)

নিবাহী প্রকৌশলী,জোন-৪,

ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং.. ৭৫৬(২২)/প্রকৌঃ

তারিখ ঃ ২/৯ /২০২১